

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়
চাঁদপুর সার্কেল, চাঁদপুর।

স্মারক নং- বিআরটিএ/সপ/প্রশিক্ষণ/চাঁদ/২০১৮-৮০৫

তারিখঃ ১৬/১০/২০১৮ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিআরটিএ, চাঁদপুর সার্কেলের আওতাভুক্ত পেশাজীবী গাড়ীচালকদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, দেশের সড়ক দুর্ঘটনা হ্রাস ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ, চাঁদপুর সার্কেলের উদ্যোগে পেশাজীবী গাড়ীচালকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়ে আসছে। উক্ত কর্মশালায় পেশাদার ড্রাইভিং লাইসেন্স নবায়নের জন্য প্রার্থিত চালকগণ এবং ইতিপূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেননি, সে সকল পেশাদার চালকগণ বর্ণিত কর্মসূচিতে অংশ গ্রহণ করতে পারবেন। এ বিষয়ে ইচ্ছুক প্রার্থীগণ নির্ধারিত সময়ের পূর্বে বিআরটিএ, চাঁদপুর সার্কেলের ড্রাইভিং লাইসেন্স শাখায় নিজ নিজ নাম তালিকাভুক্ত করে প্রশিক্ষণ কর্মশালা এবং ড্রাইভিং লাইসেন্স নবায়নকারী প্রার্থীগণ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

প্রশিক্ষণ সময়সূচি

ক্রঃ নং	তারিখ	সময়	স্থান	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
১.	১৯/১১/২০১৮ ও ২০/১১/২০১৮	প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত	বিআরটিএ, চাঁদপুর সার্কেল, চাঁদপুর।	সম্ভাব্য ১০০ জন	

(শেখ মোঃ ইমরান)

সহকারী পরিচালক (ইঞ্জিঃ)

ফোনঃ ০৮৪১৬৬৯৭০

অনুলিপি, সদয় জ্ঞাতার্থেঃ

১. পরিচালক (প্রশিক্ষণ) (চঃদাঃ), বিআরটিএ, সদর কার্যালয়, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
২. জেলা প্রশাসক, চাঁদপুর।
৩. পুলিশ সুপার, চাঁদপুর (প্রশিক্ষক হিসেবে একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪. সিভিল সার্জন, চাঁদপুর (প্রশিক্ষক হিসেবে একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।
৭. জেলা তথ্য অফিসার, চাঁদপুর (প্রশিক্ষণে সাউন্ড সিস্টেম সরবরাহের অনুরোধ করা হলো)।
৮. সভাপতি/সাধারণ সম্পাদক,, চাঁদপুর (আপনার সংগঠনের পেশাদার চালকগণকে এ বিষয়ে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো)।
৯. মোটরযান পরিদর্শক (অঃদাঃ), বিআরটিএ, চাঁদপুর সার্কেল (বর্ণিত সিডিউল মোতাবেক প্রশিক্ষণের যাবতীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদান করা হলো)।
১০. নোটিশ বোর্ড।
১১. অফিস কপি।